

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১৬১

তারিখ : ২৩-০৫-২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির

৫০ বছর উপলক্ষ্যে আলোচনা সভা

আজ ২৩ মে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর “জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছরপূর্তি উপলক্ষ্যে যথাযোগ্য মর্যাদা ও উৎসবের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে বিকাল ৩.০০ টায় মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ-এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মীজানুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, মানুষ আশরাফুল মাকলুকাত বা আল্লাহর সর্বশ্রেষ্ঠ জীব আর এই মানুষের শ্রেষ্ঠ সৃষ্টি হলো “রাষ্ট্র” যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাধ্যমে আমরা পেয়েছি। এটি বঙ্গবন্ধুর জন্য ছদকায়ে জারিয়া হিসেবে থাকবে যতদিন বাংলাদেশ থাকবে। তিনি আরো বলেন যে, বঙ্গবন্ধু নিপীড়িত মানুষের পাশে দাঁড়ানোর ধারাবাহিকতার একটি বিশ্ব স্বীকৃতি হলো “জুলিও কুরি” শান্তি পদক, যার মাধ্যমে তিনি বিশ্ব পরিমন্ডলে বিশ্ববন্ধু হিসেবে সুপরিচিতি লাভ করেন।

সভায় সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বঙ্গবন্ধুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে আমরা এই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেতাম না। এ সময় তিনি চারবারের সফল মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, বঙ্গবন্ধু যেমন রাষ্ট্রের রূপকার হিসাবে ছদকায়ে জারিয়ার অধিকারী একই ভাবে জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশের আলেম সমাজের শত বছরের প্রাণের দাবী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে ১৪শত মাদরাসার আলেম ওলামাদের দোয়া ছদকায়ে জারিয়া হিসেবে পাবেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর, বঙ্গবন্ধু পরিষদের সভাপতি, শিক্ষক সমিতির সভাপতি, অফিসার্স এসোসিয়েশনের আহ্বায়ক ও কর্মচারী পরিষদের সভাপতি। সভা পরিচালনা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২. অফিস নথি।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়